

জুমাই বা আগষ্টে ডাকসু নির্বাচন

|| আনীর ব্যয়ক ||

আগামী জুমাই মাসের শেষ সপ্তাহে কিংবা আগষ্ট মাসের প্রথম সপ্তাহে ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) ও হল সংসদগুলোর নির্বাচন অনুষ্ঠিত হবে। অল্প কিছুদিনের মধ্যেই সুনির্দিষ্ট তারিখ ঘোষণা করা হবে।

এ ব্যাপারে গতকাল মঙ্গলবার রাতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক আবদুল মান্নানের সাথে যোগাযোগ করা হলে তিনি জানান, জুমাইয়ের শেষ সপ্তাহে কিংবা আগষ্টের প্রথম সপ্তাহে ডাকসু ও হল সংসদ নির্বাচন অনুষ্ঠানের সময় নির্ধারিত হয়েছে। তবে সুনির্দিষ্ট তারিখ অল্প কিছু দিনের মধ্যে ঘোষণা করা হবে। তিনি জানান, ইতিমধ্যে ছাত্র সংগঠনগুলোর নেতৃবৃন্দের সাথে আলোচনা হয়েছে।

১৯৮২ সালে দেশে সামরিক শাসন জারি হবার পর ডাকসু ও হল সংসদগুলো ভেঙে দেয়া হয়। গত ফেব্রুয়ারী মাসে শিক্ষা মন্ত্রণালয়ে অনুষ্ঠিত এক সভায় ডাকসু ও হল সংসদ নির্বাচন অনুষ্ঠান করার ব্যাপারে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে বঙ্গা হয় বলে জানা গেছে।

কয়েকটি ছাত্র সংগঠনের নেতৃবৃন্দের সাথে আলোচনাকালে (শেষ পৃ: ১-এম ক: ২:)

ডাকসু নির্বাচন

(১ম পাতায় পর)

জানানো গেছে, তারা ডাকসু ও হল সংসদ নির্বাচন করতে রাজী আছে। তবে আত্মীয় ছাত্র সনাজের একজন নেতা জানান, ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবিক পরিস্থিতির ওপরই নির্ভর করে তারা নির্বাচনে যাবে কি যাবে না।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের একটি সূত্র জানায়, নির্বাচনের আগে 'নির্বাচন অনুষ্ঠান উপযোগী পরিবেশ' সৃষ্টির প্রচেষ্টা কর্তৃপক্ষের আছে।